দৈনিক বাংলা

তারিখ 27 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 5



# ৭৩ দিন বন্ধ থাকার পর ঢাকা ভার্সিটি আজ খুলছে

।। স্টাফ রিপোর্টার ।।

একটানা ৭৩ দিন অনির্ধারিত বন্ধের পর ঢাকা বিশ্ববিদ্যালয় আজ (রোববার) খুলছে।

দুটি বিবদমান ছাত্রসংগঠনের মধ্যে গত ১৫ই জুলাই এক রক্তক্ষয়ী সংঘর্ষের পর ভার্সিটি কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেন।

ক্যাম্পাসে সন্ত্রাসমুক্ত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ আজ বেলা সাড়ে এগারটায় কলা ভবন প্রাঙ্গণে ছাত্র-শিক্ষক-কর্মচারীদের এক সম্মিলিত সমাবেশ (শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## আজ খুলছে

(১-এর পৃঃ পর)

আহ্বান করেছে। ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান সমাবেশে বক্তৃতা করবেন। সমাবেশের পর একটি মৌন মিছিল বের করা হবে। মধ্য জুলাইয়ে নিহত দুজন ছাত্র এবং একজন রিকশাচালকের স্মরণে এ মিছিলের কর্মসূচী নেয়া হয়েছে। মিছিলে অংশ নেয়ার জন্যে বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে সকল ছাত্র-শিক্ষক-কর্মচারীর প্রতি আহ্বান জানানো হয়েছে। সমাবেশ ও মিছিলের কর্মসূচীতে যোগদানের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও অফিসসমূহ আজ বেলা এগারটা থেকে দেড়টা পর্যন্ত বন্ধ থাকবে।

শনিবার বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ স্ট্যান্ডিং কমিটির সভা হয়। এতে রোববারের কর্মসূচী সফল করার বিষয় নিয়ে আলোচনা হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, পরিবেশ পরিষদের আজকের মিছিলের কর্মসূচীর পরিপ্রেক্ষিতে পৃথকভাবে মিছিল বের না করার জন্যে কর্তৃপক্ষ ছাত্রসংগঠনগুলোর প্রতি অনুরোধ জানিয়েছে।

এদিকে আবাসিক হলগুলোতে ছাত্রছাত্রীদের ফিরে আসা অব্যাহত রয়েছে। হল এলাকায় পুলিশ মোতায়েন আছে।

সূর্যসেন হলের শূন্য সীটসমূহ মেধাভিত্তিতে বন্টনের জন্যে সংশ্লিষ্ট ছাত্রদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। হলের প্রভোস্ট ডঃ আমিনুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।

**প্রতিবাদ**

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শনিবার দৈনিক বাংলায় প্রকাশিত জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি আসাদুজ্জামান রিপনের বিবৃতির অংশ বিশেষের প্রতিবাদ করেছেন।